



আপনি তো অনেক বড় আওয়ামী লীগ ছিলেন, ওসিকে রুমিন ফারহানা



ছবি: সংগৃহীত

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সংসদ সদস্য রুমিন ফারহানা ও সরাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনজুর কাদের ভূঁইয়ার মধ্যে বাদানুবাদের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (২২ অক্টোবর) রাতে সরাইল থানায় এ ঘটনা ঘটে। এ সময় ওসিকে উদ্দেশ্য করে রুমিন ফারহানা বলেন, ‘আপনি তো অনেক বড় আওয়ামী লীগ ছিলেন।’ সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ঘটনার একটি ভিডিওতে কয়েকজন স্থানীয় বাসিন্দাকে পুলিশের বিরুদ্ধে নির্যাতন ও টাকা নেওয়ার অভিযোগ করতে দেখা যায়। তাঁদের একজন অভিযোগ করেন, পুলিশ তাঁকে মারধর করে পা ভেঙে দিয়েছে এবং তাঁর কাছ থেকে ৩০ হাজার টাকা নিয়েছে। ওই ব্যক্তির শিশুসন্তানকে এক পুলিশ সদস্য চড় মেরেছেন বলেও অভিযোগ করা হয়। তবে এসব অভিযোগের সত্যতা স্বাধীনভাবে যাচাই করা যায়নি।

৩০ হাজার টাকা নেওয়ার অভিযোগ অস্বীকার করে ওসি মনজুর কাদের ভূঁইয়া বলেন, অভিযোগকারী সংসদ সদস্যের শেখানো কথা বলছেন। এ সময় রুমিন ফারহানা পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, দুর্গাপূজার সময় বিভিন্ন মণ্ডপ পরিদর্শনে যাওয়ার জন্য তিনি পুলিশের নিরাপত্তা চেয়েছিলেন। বিজয়নগর ও আশুগঞ্জে নিরাপত্তা পেলেও সরাইলে তা পাননি বলে অভিযোগ করেন তিনি। এ বিষয়ে একাধিকবার ফোন করেও ওসিকে পাওয়া যায়নি বলেও জানান রুমিন। ওসির রাজনৈতিক সংশ্লিষ্টতা নিয়েও প্রশ্ন তোলেন সংসদ সদস্য। পাশাপাশি সরাইলে ব্যবসায়ীদের কাছ থেকে টাকা নেওয়া, দুর্নীতি এবং সংঘাতের ঘটনায় পুলিশের দেরিতে পৌঁছানোর অভিযোগ তোলেন তিনি। সরাইলকে সংঘাতপ্রবণ এলাকা উল্লেখ করে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও উদ্বেগ প্রকাশ করেন রুমিন ফারহানা। জবাবে ওসি মনজুর কাদের ভূঁইয়া বলেন, দুর্গাপূজা উপলক্ষে সব মণ্ডপে নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছিল। তবে সংসদ সদস্যকে আলাদাভাবে নিরাপত্তা দেওয়ার বিষয়টি ভিন্ন বলে জানান তিনি।